

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৪১

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১. মুসাফির ও পীড়িত ব্যক্তির সালাত - সফরে সালাত পূর্ণ করার চেয়ে রুসর করা উত্তম

## আরবী

وَعَنْ جَابِرٍ \_ رضي الله عنه \_ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم: «خَيْرُ أُمَّتِي الَّذِينَ إِذَا أَسَاءُوا اسْتَغْفَرُوا, وَإِذَا سَافَرُوا قَصَرُوا وَأَفْطَرُوا». أَخْرَجَهُ الطَّبَرَانِيُّ فِي «الْأَوْسَطِ» بِإِسْنَادٍ ضعِيفٍ

وَهُوَ فِي مُرْسَلِ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ عِنْدَ الْبَيْهَقِيِّ مُخْتَصَرُ

ضعيف. رواه الطبراني في: «الأوسط». كما في «مجمع البحرين» (921) من طريق ابن لهيعة، عن أبي الزبير، إلا ابن لهيعة. وقال: لم يروه عن أبي الزبير، إلا ابن لهيعة. وقال الهيثمي في «المجمع» (2/ 157): «فيه ابن لهيعة، وفيه كلام». قلت: بل هو ضعيف، وأيضا أبو الزبير مدلس، وقد عنعنه

## বাংলা

88১. জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন—আমার উম্মাতের মধ্যে উত্তম তারাই যারা মন্দ কাজ করে ফেললে ক্ষমা প্রার্থনা করে। আর যখন সফর করে তখন সালাত কসর করে ও রোযা মুক্ত অবস্থায় থাকে। —ত্ববারানী এটি আওসাত নামক গ্রন্থে দুর্বল সানাদে বর্ণনা করেছেন এবং সাঈদ বিন মুসাইয়্যাবের মুরসাল হাদীসররূপে বাইহাকীতে এটা সংক্ষিপ্তাকারে সঙ্কলিত হয়েছে।[1]

## ফুটনোট



[1] সহীহুল জামে ২৯০১, সিলসিলা যায়ীফা ৩৫৭১, গ্রন্থ দ্বয়ে আলবানী হাদীসটিকে দুর্বল আখ্যায়িত করেছেন। শরহ বুলুগুল মারাম (২/৩১৫) গ্রন্থে ইবনু উসাইমিন বলেন, হাদীসটি দুর্বল তবে এর অর্থ সহীহ। আল জামিউস স্বগীর (১৪৬২) গ্রন্থে সুয়ূতী ও সবুলুস সালাম (২/৭০) গ্রন্থে সনয়ানী, হাদীসটিকে যয়ীফ বলেছেন। মাজমাউয যাওয়াদে (২/১৬০) গ্রন্থে ইমাম হায়সামী বলেন এই হাদীসে ইবনু লাহিয়া সে বিতর্কিত। মাত্তাফে কাতুল খবর আল খবর (২/৪৬) গ্রন্থেও ইবনু হাজার আসকালানী উক্ত রাবীকে বিতর্কিত হিসেবে চিহ্নিত করেছেন। তবে তিনি বলেন আমি এর শাহিদ মারাসিলে সাইদ বিন মুসাইয়্যিবে পেয়েছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন